তারিখ ... 13.7.80 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 6 ...

# নিরক্ষরতা দূরীকরণে অবদান রাখা প্রতিটি শিক্ষিত লোকের জাতীয় কর্তব্য

—প্রেসিডেন্ট

বাসস জানায় প্রেসিডেন্ট জিয়াউর রহমান গত শুক্রবার ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউটে বাংলাদেশ স্বাক্ষরতা সমিতির জাতীয় সম্মেলনের সমাপ্তি অধিবেশনের শান্তিপূর্ণ বিপ্লবের লক্ষ্যসমূহ অর্জনের লক্ষ্যে সমাজ হইতে নিরক্ষরতা দূর করার জন্য শিক্ষিত শ্রেণীর প্রতি আহ্বান জানান। প্রেসিডেন্ট বলেন এই লক্ষ্যে অবদান রাখা প্রতিটি শিক্ষিত লোকের জাতীয় কর্তব্য। তিনি বলেন, নিরক্ষরতা দূর করার জন্য সরকার ইতিমধ্যেই প্রচার অভিযান শুরু করিয়াছেন। তিনি বলেন, যেখানে শতকরা ৮০ জন লোক নিরক্ষর সেখানে উন্নয়ন তৎপরতা অব্যাহত রাখা একটি কঠিন কাজ। প্রেসিডেন্ট বলেন, নিরক্ষর লোক উন্নয়ন কর্মকাণ্ডের দায়িত্ব গ্রহণ করিতে পারে না। তিনি বলেন, নিরক্ষরতা দূর করার লক্ষ্য অর্জন শুধু সরকারী প্রচেষ্টাতেই সম্ভব নয়। প্রেসিডেন্ট বলেন, দেশের শতকরা ১৬ জন লোক শিক্ষিত। প্রত্যেক শিক্ষিত ব্যক্তি যদি ৭/৮ জন নিরক্ষর লোককে শিক্ষিত করার দায়িত্ব গ্রহণ করেন তাহা হইলে দেশ হইতে নিরক্ষরতা দূর করিতে বেশী সময় লাগিবে না।

স্বনির্ভর গ্রাম সরকার প্রসংঙ্গে প্রেসিডেন্ট বলেন, খাদ্য উৎপাদন দ্বিগুণ, নিরক্ষরতা দূরীকরণ এবং পরিবার পরিকল্পনাকে জনপ্রিয় করিয়া তোলার লক্ষ্যেই গ্রাম সরকার গঠন করা হইয়াছে। অনুষ্ঠানে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী জনাব আবদুল হালিম চৌধুরী, স্বরাষ্ট্রমন্ত্রী জনাব এস এম মোস্তাফিজুর রহমান, স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণমন্ত্রী জনাব এম, এ মতিন ও শিক্ষাপ্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনসংখ্যা উন্নয়ন প্রতিমন্ত্রী জনাব আতাউদ্দিন খান।